মেহেরপুরে শিক্ষার্থীদের উদ্যোগে র্যাগিং ও ধর্ষণ বিরুদ্ধে মানববন্ধন

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েট এর ছাত্র আবরার ফাহাদ এর প্রথম মৃত্যু বার্ষিকীতে, শিক্ষা প্রতিষ্ঠানে র্যাগিং ও সারাদেশের ধর্ষণ বিরোধী মানববন্ধন করেছে মেহেরপুরের সাধারণ ছাত্র জনতা।

বুধবার বিকেলে মেহেরপুর প্রেসক্লাবের সামনে মেহেরপুর জেলার সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে মানববন্ধনটি অনুষ্ঠিত হয়।

র্যাগিং ও ধর্ষণবিরোধী মানববন্ধনে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর বস্তু ও ধাতব কৌশল বিভাগের ২০১৮ ব্যাচের ছাত্র এস এম প্লাবন এর নেতৃত্বে বক্তব্য রাখেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েট এর যন্ত্রকৌশল বিভাগের শিক্ষার্থী মোঃ মোস্তফা সাকিব শাহরিয়ার, বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রাব্বিউল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের শিক্ষার্থী মোহাম্মদ আশিকুজ্জামান, আজকের ভালো কাজ সংগঠনের সাধারণ সম্পাদক আল ইমরান সোহাগ।

বক্তব্যে তারা, আবরার ফাহাদ হত্যা মামলার বিচার কার্য দ্রুততম সময়ে নিষ্পত্তি, দেশের সকল ধর্ষণ এর বিচার দ্রুত সময়ে নিশ্চিত, সমাজে ও আইনগত প্রক্রিয়ায় ধর্ষিতা নারীদের হেনস্ত, অপমান বন্ধ করা, দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠান থেকে র্যাগিং নামে নির্যাতন বন্ধ করতে, এ চারটি দাবি উত্থাপন করে মানববন্ধনে। এই সময় মেহেরপুরের সাধারণ ছাত্র ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ সেখানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আবরার ফাহাদ কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার গ্রামের বরকত উল্লাহ এর ছেলে। ২০১৯ সালের ৬ ই অক্টোবর দিবাগত রাতে বুয়েটের ২০১৭-১৮ ব্যাচের তড়িৎকৌশল বিভাগের শিক্ষার্থী আবরার ফাহাদ শেরেবাংলা হলের ছাত্রলীগ সদস্যদের র্যাগিং নির্যাতনের শিকার হয়ে ৭ ই অক্টোবর ভোরবেলায় মৃত্যুবরণ করেন।

ঝিনাইদহে ছাত্রলীগের উদ্যোগে আলোক প্রজ্জ্বলন

বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে নোয়াখালী নারী নির্যাতনের ঘটনাসহ সকল ধর্ষণ-নিপীড়নের ঘটনায় সম্পৃক্ত ও পৃষ্টপোষকদের দ্রুত গ্রেফতার, বিচার ও নারীর প্রতি সহিংসতার স্থায়ী অবসানের দাবিতে ঝিনাইদহ জেলা ছাত্রলীগের উদ্যোগে ঝিনাইদহ কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে আলোক প্রজ্জ্বলন অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার সন্ধ্যা ৭টায় এই কর্মসূচী পালিত হয়েছে। জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। কর্মসূচীতে আওয়ামী লীগ, ছাত্রলীগসহ বিভিন্ন অংগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, কোন ধর্ষণ বা নির্যাতনের সাথে ছাত্রলীগ জড়িত থাকতে পারেনা। দলের নাম ভাঙ্গিয়ে যারা এসব অপকর্ম করছে তাদের কে দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্ত মূলত শাস্তির দাবি জানান।

মেহেরপুরে নারী নির্যাতন ও ধর্ষণের বিরুদ্ধে শুভ-সংঘের মানববন্ধন

সারাদেশে অব্যাহত নারী ধর্ষণ ও সহিংসতা প্রতিবাদে এবং দর্শকদের দ্রুত বিচার আইনে সর্বোচ্চ শাস্তির দাবিতে মানববন্ধনের আয়োজন করে কালের কন্ঠ শুভ সংঘ।

বুধবার সকাল ১১ টায় মেহেরপুর জেলা প্রেসক্লাবের সামনে কালের কণ্ঠ-শুভ সংঘের সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ এর নেতৃত্বে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে কালের কণ্ঠ শুভ সংঘের মেহেরপুর জেলা এবং মুজিবনগর উপজেলা শাখার সকল সদস্য অংশগ্রহণ করে।

সাহিত্য সম্পাদক সোহেল রানার সঞ্চালনায় বক্তব্য রাখেন সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক শাওন আহমেদ, সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ মুন্না, প্রকাশনা সম্পাদক ওমর ফারুক বাপ্পি। মানববন্ধনে শুভ সংঘের সদস্য ইমন, মৃদুল, হাসানুজ্জামান, আসিফ ইকবাল শুভ, সালেহীন শাহেদ, অয়ন আহমেদ, বিপুল, মাহফুজ রানা, ফাহিম, স্বপ্নীল, আকিব, রাগিব, নয়ন, রাব্বি, ওয়ালিদ, সবুজ প্রমুখ।
মানববন্ধনে শুভ সংঘের সদস্য ধর্ষণের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দেয় এবং ফেস্টুন হাতে অংশগ্রহণ করেন।

গাংনীতে চলছে জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইন

মেহেরপুরের গাংনীতে জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে। ৪ অক্টোবর। রবিবার সকাল সাড়ে ৮ টার সময় উপজেলার কসবা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

গাংনী উপজেলা নির্বার্হী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশুদের মুখে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল তুলে দেন। এসময় গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.এম রিয়াজুল আলম,স্বাস্থ্য কমপ্লেক্সের আর এমও ডা. সাদিয়া সুলতানা,এমটিইপিআই আব্দুর রশিদ,স্বাস্থ্য সহকারি আব্দুল হান্নান উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য বিধি মেনে চার অক্টোবর থেকে পক্ষকাল ব্যাপী এ কার্যক্রম চলবে। উপজেলার পৌর সভা ও ৯ টি ইউনিয়নে ৬-১১ মাস বয়সী ৩৮৪১ জন শিশু এবং ১২-৫৯ মাস বয়সের ৩০২৬২ শিশুকে জাতীয় ভিটামিন

‘ ‘এ” ক্যাপসুল খাওয়ানোর কাজ চলমান রয়েছে। এতে ২৭ জন তত্বাবধানকারি এবং ৪৩৪ জন স্বেচ্ছাসেবী কাজ করছেন।

স্ব-স্ব এলাকার সর্বসাধারণকে তাদের শিশুদের ভিটাডিমন “এ” ক্যাপসুল খাওয়ানোর অনুরোধ জানিয়েছেন স্বাস্থ্য বিভাগ। সে লক্ষ্যে ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিদের মাধ্যমে এলাকাবাসীকে সচেতন করতে প্রতিনিয়ত প্রচারাভিযান চলছে। উপকারভোগীরা স্বপ্রনোদিত হয়ে তাদের শিশুদের ভিটামিন “এ” ক্যাপসুল খাওয়াতে ক্যাম্পে যাচ্ছেন। ১৫ দিন ব্যাপী এ কার্যক্রম চলমান থকবে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

এ বছর যেভাবে হবে এইচএসসি ও সমমানের ফলাফল

করোনাভাইরাস মহামারির কারণে এবার উচ্চ মাধ্যমিক তথা এইচএসসি ও সমমানের পরীক্ষা বাতিল করা হয়েছে। জেএসসি ও এসএসসি পরীক্ষার ফল মূল্যায়ন করেই এইচএসসির ফলাফল নির্ধারণ করা হবে।

বুধবার এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

এইচএসসি পরীক্ষা হচ্ছে না

করোনা মহামারীর কারণে এ বছর এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

তবে জেএসসি ও এসএসসি পরীক্ষার গড় ফলাফলের ভিত্তিতে এইচএসসির ফল মূল্যায়ন করা হবে বলে জানিয়েছেন তিনি।

বুধবার দুপুরে এইচএসসি পরীক্ষার বিষয়ে গণমাধ্যমকে অনলাইনে ব্রিফিংয়ে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মাহাবুব হোসেন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আমিনুল ইসলাম খান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হকসহ সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা।

করোনার কারণে গত ১৭ মার্চ থেকে আগামী ৩১ অক্টোবর পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। গত ১ এপ্রিলে এইচএসসি পরীক্ষা শুরুর কথা ছিল। করোনার কারণে তা স্থগিত করা হয়।

তবে আগামী নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে এই পরীক্ষা নেয়া যায় কিনা তা নিয়ে এতদিন নীতিনির্ধারকদের মধ্যে আলোচনা চলছিল। তবে শেষ পর্যন্ত পরীক্ষা না নেয়ার সিদ্ধান্ত নিল শিক্ষা মন্ত্রণালয়। সূত্র-যুগান্তর

গাংনীতে পাটের গুদামে আগুন, ১৫ লাখ টাকার ক্ষতি

মেহেরপুরের গাংনী উপজেলার বড়বামন্দী গ্রামের পাট ব্যবসায়ী ইসরাইল হোসেনের পাটের গুদামে অগ্নীকান্ডে অন্তত ১৫ লাখ টাকার মালামাল ভষ্মিভুত হয়েছে।
বুধবার ভোর রাতে এ অগ্নীকান্ডের ঘটনা ঘটে। গাংনী থানা পুলিশের ওসি ওবাইদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

ক্ষতিগ্রস্থ ব্যবসায়ি ইসরাইল হোসেন ওই গ্রামের মৃত আব্দুস সাত্তারের ছেলে।

স্থানীয় মুদি ব্যবসায়ি কালাম জানান, ঘটনার সময় তিনি বাড়ির বাইরে আসলে আগুন দেখতে পান ও স্থানীয়দের ডেকে তোলেন। সেই সাথে খবর দেন ব্যবসায়ী ইসরাইল হোসেনকে। ফায়ার সার্ভিসকেও খবর দেয়া হয়।

ফায়ার সার্ভিস একটি টীম স্থানীয়দের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে পাট ও অন্যান্য মালামাল ভষ্মিভুত হয়।

ইসরাইল হোসেন জানান, পাট গুদামে পাট ছাড়াও ধান গম, মসুরী ছোলাসহ অন্তত ১৫ লাখ টাকার মালামাল ভষ্মিভুত হয়েছে। গুদামের সামনে পাটকাঠির মাথায় আগুন লাগানো ছিল। কেউ শত্রুতা করে এ কাজটি করতে পারে বলেও ধারণা করছেন তিনি।

কালাম মাস্টারের বিরুদ্ধে এবার নারী নির্যাতন মামলা

মেহেরপুরের আলোচিত প্রধান শিক্ষক আবুল কালাম আজাদের বিরুদ্ধে এবার নারী নির্যাতন মামলা দায়ের হয়েছে।

সম্প্রতি মেরিনা খাতুন নামের এক নারী মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন দমণ ট্রাইব্যুনালে এ মামলা দায়ের করেন। মামলাটি আমলে নিয়ে বিজ্ঞ বিচারক জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তদন্ত করে দ্রুত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

মামলায় আরো তিন জনকে আসামি করা হয়েছে। তারা হলেন বাদির স্বামী মিজানুর রহমান, শ্বশুর ফুল ছুরাত ও শাশুড়ি মিহিজান । আসামি আবুল কালাম আজাদ সদর উপজেলার বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি বাদি সম্পর্কে নুন্দাই।

আলোচিত আবুল কালাম আজাদের বিরুদ্ধে ইতিপূর্বে মেহেরপুর প্রতিদিনসহ বিভিন্ন জাতীয় দৈনিক ও টেলিভিশনে দুর্নীতি নিয়ে একাধিক সংবাদ প্রকাশ হয়েছে। তিনি একটি হত্যা মামলারও প্রধান আসামি।

এদিকে নারী নির্যাতন মামলার এজাহারে জানা গেছে, ২০১১ সালের ২ ফেব্রুয়ারি বাদির সাথে আসামি মিজানুর রহমানের বিয়ে হয়। বিয়ের সময় আসামি নগদ এক লাখ টাকা ও ৩২ হাজার টাকা মূল্যের স্বর্ণের আংটি যৌতুক হিসেবে গ্রহণ করে। পরে আরো এক লাখ টাকা যৌতুক দাবি

করিলে দিতে না পারায় আসামি বাদিকে তালাক দেয়।

এর পর পুনরায় এক লাখ টাকা দিলে আসামি বাদিকে বিয়ে করে। পরবর্তিতে আসামিরা আরো এক লাখ টাকা করে। সেই দাবি পূরণ না করতে না পারায় চলতি বছরের ২৫ জানুয়ারি বাদিকে পুনরায় তালাক দেন আসামি মিজানুর রহমান। তালাক দেওয়ার পর ওই এক লাখ টাকা প্রদান করিলে সমঝোতার মাধ্যমে পুনরায় গত ১০ মে বিয়ে করেন আসামি।

বারবার বিয়ে এবং তালাকের সময় সংসার কালীন সময়ে আসামি আবুল কালাম আজাদের পরামর্শে বাদির স্বামি মিজানুর রহমান, শ্বশুর ফুলছুরাত ও শাশুড়ি মিহিজান বাদিকে প্রায় নির্যাতন করতে থাকে। শেষ বারের বিয়ের পর পুনরায় আরো ২ লাখ টাকা দাবি করে।

টাকা দিতে অস্বীকার করলে আসামিরা বাদিকে শারীরিক নির্যাতন করে এবং গর্ভবতী থাকায় তার পেটে লাথি মারে ভ্রুণ নষ্টার করার উদ্দেশ্যে। এসময় বাদির চিৎকারে প্রতিবেশীরা ঘটনাস্থলে পৌছে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। পরবর্তিতে বাদির গর্ভপাত ঘটে।

ডাউকি ইউপির উপ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী নাজমুলের গন সংযোগ

আলমডাঙ্গা উপজেলার ৯ নং ডাউকি ইউনিয়ন পরিষদের উপ- নিবার্চনের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল হুসাইন দিনভর জনসংযোগ করেছেন। সকাল থেকে বিকাল পর্যন্ত তার নির্বাচনীয় এলাকায় গনসংযোগ করেন।

আনারসের প্রতীক নিয়ে স্বতন্ত্র প্রার্থী নাজমুল হুসাইন তাঁর সমর্থিত নেতাকর্মীদের সাথে নিয়ে ইউনিয়নের ডাউকি, বসকিপুর ও বিনোদপুর এলাকার সাধারণ ভোটারদের কাছে তাঁর ভোটের প্রতীক আনারস মার্কায় ভোট ও দোয়া কামনা করেন।

শিক্ষিত, সৎ, যোগ্য, নির্ভিক তরুন এই নেতাকে চেয়ারম্যান

প্রার্থী হিসেবে পেয়ে সাধারণ ভোটাররাও উচ্ছাসিত। তরুন উদীয়মান এই নেতা সাধারণ ভোটারদের মাঝে ব্যাপক গ্রহনযোগ্যতা পেয়েছে।

চেয়ারম্যান প্রার্থী নাজমুল হুসাইন বলেন, সাধারণ মানুষ আমাকে ভালোবাশে। তাদের ভালোবাশায় আমার সম্বল। ভোট যদি সুষ্ঠু হয় আমি আশা করছি আনারসের জয় হবে। হাজার বছর পুরনো হলেও বয়স তার এক মাস

জীবননগরে জাতীয় জন্মনিবন্ধন দিবস পালিত

জীবননগরে জাতীয় জন্মনিবন্ধন দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় জন্মনিবন্ধন দিবস উপলক্ষে উপজেলা চক্তর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন,হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস প্রমুখ।